# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৩৩

৫/ ঈদ (أَبْوَابُ الْعِيدَيْنِ عَنْ رَسُولِ اللَّهِ ﷺ)

পরিচ্ছেদঃ সালাতুল ঈদের কিরআত।

## باب مَا جَاءَ فِي الْقِرَاءَةِ فِي الْعِيدَيْنِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدِ بْنِ الْمُنْتَشِرِ، عَنْ أَبِيهِ، عَنْ حَبِيبِ بْنِ سَالِمٍ، عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ، قَالَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَقْرَأُ فِي الْعِيدَيْنِ وَفِي الْجُمُعَةِ بِـ ( سَبِّحِ اسْمَ رَبِّكَ الأَعْلَى ) وَ (هَلْ أَتَاكَ حَدِيثُ الْغَاشِيَةِ ) وَرُبَّمَا اجْتَمَعَا فِي يَوْمٍ وَاحِدٍ فَيَقْرَأُ بِهِمَا . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي وَاقِدٍ وَسَمُرَةَ بْنِ جُنْدَبٍ وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهَكَذَا رَوَى سُفْيَانُ الثَّوْرِيُّ وَمِسْعَرٌ عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدِ بْنِ الْمُنْتَشِرِ نَحْوَ حَدِيثِ أَبِي عَوَانَةَ . وَأَمَّا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ فَيُخْتَلَفُ عَلَيْهِ فِي الرِّوَايَةِ يُرْوَى عَنْهُ عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدِ بْنِ الْمُنْتَشِرِ عَنْ أَبِيهِ عَنْ حَبِيبِ بْنِ سَالِمٍ عَنْ أَبِيهِ عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ . وَلاَ نَعْرِفُ لِحَبِيبِ بْنِ سَالِمٍ رِوَايَةً عَنْ أَبِيهِ . وَحَبِيبُ بْنُ سَالِمٍ هُوَ مَوْلَى النُّعْمَانِ بْنِ بَشِيرٍ وَرَوَى عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ أَحَادِيثَ . وَقَدْ رُوِيَ عَنِ ابْنِ عُيَيْنَةَ عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدِ بْنِ الْمُنْتَشِرِ نَحْوُ رِوَايَةِ هَؤُلاَءِ . وَرُوِيَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ كَانَ يَقْرَأُ فِي صَلاَةِ الْعِيدَيْنِ بِـ (اقْتَرَبَتِ السَّاعَةُ ) وَبِهِ يَقُولُ الشَّافِعِيُّ .

বাংলা

৫৩৩. কুতায়বা (রহঃ) ...... নু’মান ইবনু বাশীর রাদিয়াল্লাহু আনহ থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদ ও জুম্মার সালাতে سَبِّحِ اسْمَ رَبِّكَ الأَعْلَى এবং هَلْ أَتَاكَ حَدِيثُ الْغَاشِيَةِ তিলাওয়াত করতেন। অনেক সময় ঈদ ও জুমুআহ একই দিনে ঘটত, তখনও তিনি ঐ দুই সূরাই তিলাওয়াত করতেন। - ইবনু মাজাহ ১১১৯, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৫৩৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবূ ওয়াকিদ, সামুরা ইবনু জুন্দুব ও ইবনু আববা্স রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে।

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ নু’মান ইবনু বাশীর রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। সুফইয়ান সাওরী এবং মিসআর (রহঃ) ইবরাহীম ইবনু মুহাম্মাদ ইবনুল মুনতাশির (রহঃ) থেকেও আবূ আওয়ানা (রহঃ) সুত্রে বর্ণিত রিওয়ায়াতের (৫৩ নং) অনুরূপ বর্ণনা করেছেন। ইবনু উআয়না (রহঃ) থেকে রিওয়ায়াতের ব্যাপারে বিভিন্নতা রয়েছে। তার এই রিওয়ায়াত ইবরাহীম ইবনু মুহাম্মাদ ইবনু মুনতাশির তৎপিতা মুহাম্মাদ ইবনু মুনতাশির হাবীব ইবনু সালিম তৎপিতা সালিম নু’মান ইবনু বাশীর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে। কিন্তু হাবীব ইবনু সালিম এর কোন রিওয়ায়াত তৎপিতা সালিম থেকে পরিচিত নয়। এই হাবীব ইবনু সালিম হলেন নু’মান ইবনু বাশীর রাদিয়াল্লাহু আনহু-এর মাওলা বা আযাদকৃত দাস এবং তিনি নু’মান ইবনু বাশীর রাদিয়াল্লাহু আনহু থেকে বহু হাদীস রিওয়ায়াত করেছেন। এমনিভাবে ইবনু উআয়না রাদিয়াল্লাহু আনহু-এর রিওয়ায়াত ইবরাহীম ইবনু মুহাম্মাদ ইবনু মুনতাশির (রহঃ) থেকে তাদের (অথাৎ আবূ আওয়ানা, সুফইয়ান সাওরী ও মিসআর-এর) অনুরূপ বর্ণিত আছে। [এই সনদে হাবীব ইবনু সালিম-এরপর তৎপিতা (সালিম) থেকে এই কথার উল্লেখ নেই।] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, তিনি সালাতুল ঈদে সূরা ق এবং واقتربت الساعة তিলাওয়াত করতেন। ইমাম শাফিঈও এই অভিমত ব্যক্ত করেছেন।

## English

An-Numan bin Bashir narrated:
"For the two Eid and the Friday prayer, the Prophet would recite: Glorify the Name of your Lord, the Most High, and Has there come to you the narration of the overwhelming? And sometimes they would occur on he same day, so he would recite the two of them."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ নু’মান ইবনু বশীর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17722

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন